## লেখকের অন্যান্য বই

- সাফল্যের চাবিকাঠি কোয়ান্টাম মেথড
- শুদ্ধাচার
- আত্মনির্মাণ
- জীবন বদলের চাবিকাঠি অটোসাজেশন
- আলোকিত জীবনের হাজার সূত্র কোয়ান্টাম কণিকা
- 1001 Autosuggestions to change your life
- হাজারো প্রশ্নের জবাব ১ ॥ মেডিটেশন
- হাজারো প্রশ্নের জবাব ২ ॥ শিক্ষা-ক্যারিয়ার-সাফল্য
- হাজারো প্রশ্নের জবাব ৩ ॥ প্রেম-বিয়ে-পরিবার
- কাজ প্রেম দেশ
- কোয়ান্টাম ভাবনা ফিউশন
- নিত্যদিন শত আয়াত
- নিত্যদিন শত হাদীস
- হাদীস পাঠ

নিজেকে
ভালবাসতে পারলেই
অন্তর্গত শক্তিকে
জাগ্রত করা যায়।
আমি নিজেকে ভালবাসব।

সকল পরিস্থিতিতে
সবসময় বলব,
প্রভু! তোমাকে ধন্যবাদ।
সবকিছুর জন্যেই
আমি কৃতজ্ঞ।

বিশ্বাস থেকে বিচ্যুতির
প্রথম ধাপই হলো সংশয়।
আমি আমার বিশ্বাসকে
সংশয়মুক্ত রাখব।

অন্যের কাছ থেকে
যে ব্যবহার আশা করি
সে আচরণ
নিজে আগে করব।

অন্যের সাহায্যের
অপেক্ষা না করে
আমার যা আছে
তা নিয়েই শুরু করব।
যেখানে আছি
সেখান থেকেই
শুরু করব।

আবেগ বা চাকচিক্য নয়;
শুধু প্রয়োজনের খাতিরেই
কেনাকাটা করব।

আমি আমার সময়কে
নিয়ন্ত্রণে রাখব,
তাহলে অনেক কিছুই
আমার নিয়ন্ত্রণে থাকবে।

দক্ষতা ছাড়া
সততা শক্তিহীন।
সততা ছাড়া
দক্ষতা মূল্যহীন।
আমি দক্ষ,
আমি সৎ।

সুযোগ অনেক সময়
খুব আস্তে করে
দরজায় টোকা দেয়।
সুযোগ গ্রহণে
আমি থাকব
সদা সজাগ।

বোকা ও দুর্বলরাই
অভিমান ও অভিযোগ করে।
আমি বুদ্ধিমান।
অভিযোগের কারণ
দূর করতে
আমি বুদ্ধি ও কৌশল
প্রয়োগ করব।